ইতাল বাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি
ASSOCIAZIONE COORDINAMENTO
ITAL & BANGLA
SVILUPPO
ITAL BANGLA COORDINATION & DEVELOPMENT ASSOCIATION

TTI DELL'UOMO
মানুষের অধিকার

IMMIGRATION
NOT A CRIME,
S A HUMAN RIGHT

ইমিগ্রেশন
অপরাধ নয়,
তা মানুষের অধিকার

OPERAZIONE
ALLO
SVILUPPO
উন্নয়নে সহযোগীতা

Date. 16/03/2002 — Our ref. P-129/1 2002

বরাবর মাননীয় প্রতিমন্ত্রী
মেজর (অব.) কামরুল ইসলাম
প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়।

বিষয়: ইতালীর শ্রমবাজারে বাংলাদেশী শ্রমিক প্রেরন ও ৫০.০০০ বাংলাদেশী ইমিগ্রন্টদের স্বার্থ রক্ষার্থে প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের প্রতি সুপারিশ

মহাত্মন,

গত অক্টোবরের ১৯/১০/২০০১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বরাবরে পাঠানো আমাদের সুপারিশমালার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের আগ্রহ ও কর্মতৎপরতা সম্বন্ধে আমরা বিভিন্ন পত্রপত্রিকা মারফত অবগত রয়েছি। প্রধানমন্ত্রীসহ সংশ্লিষ্ট মন্ত্রীদের বিভিন্ন মন্তব্য আমাদের দৃষ্টিগোচর হয়েছে। কিছুদিন পূর্বে আপনার সাথে ফোনে কথার বলার প্রেক্ষিতে আপনি যে সকল ব্যাপার জানার জন্য আগ্রহ প্রকাশ করেছেন তারই আলোকে ইতালীতে ইমিগ্রেশন ও কর্মসংস্থানের বিভিন্ন ইতিবাচক ও নেতিবাচক দিকগুলো তুলে ধরে বিগত দিনে আমাদের সুপারিশের স্বপক্ষে কতকগুলো ব্যাখ্যা ও ইতালী প্রবাসীদের পক্ষে একটি দাবী আপনাকে দিয়ে দেয়া হলো:-

## দ্বিপাক্ষিক সহযোগীতার চুক্তি কেন:

ইতালীতে ক্রমবর্ধমান অবৈধ বিদেশী ইমিগ্রেশন প্রতিরোধে যে সকল দেশ থেকে বিদেশী নাগরীক অবৈধ ভাবে ইতালীতে অনুপ্রবেশ করে মূলত এই অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধে সেই সকল রাষ্ট্রকে চুক্তি মোতাবেক তাদের নাগরীককে স্বদেশে ফিরিয়ে নিতে বাধ্য করা, এবং সেই বাধ্যবাধকতার প্রেক্ষিতে যে সকল দেশের সরকার ইতালী সরকারের সাথে অবৈধদের ফেরত নিতে সহযোগীতা চুক্তি করবে তাদের দেশের নাগরীকদের ইতালীর শ্রমবাজারের চাহিদা মোতাবেক কাজের জন্য ইতালীতে প্রবেশের সুযোগ প্রদান করা হতে পারে।
* এই চুক্তির মাধ্যমে দ্বিপাক্ষিক শ্রমিক বিনিময় নীতিমালা ও অবাধ চলাচলের নীতি স্থাপিত হবে।

## ইতালীয় ইমিগ্রেশন আইন ৪০/৯৮ নীতিগত দিক:

ইতালী সরকারের ১৯৯৮ সালের ৪০ নং ইমিগ্রেশন আইনের আওতায় যে নীতিগত দিক রয়েছে, তার প্রধান বিষয়গুলো হচ্ছে, ইতালীতে অবৈধ অনুপ্রবেশ রোধ করা, তারই প্রেক্ষাপটে যে সকল দেশ থেকে ইতালীতে অবৈধ অনুপ্রবেশ ঘটবে, সেই সকল রাষ্ট্রের সথে দ্বি-পাক্ষিক চুক্তির মাধ্যমে ঐদেশের অবৈধ অনুপ্রবেশকারীদেরকে তার স্বদেশে ফিরিয়ে নেওয়ার শর্তসাপেক্ষে ইতালীর শ্রমবাজারে বৈধ প্রক্রিয়ার ইতালীয়ান মালিকদের আবেদনের প্রেক্ষিত দক্ষ-অদক্ষ শ্রমিকদের ইতালীতে আসার সুযোগ প্রদান করা।

যে সকল দেশের সাথে ইতালী সরকারের দ্বিপাক্ষিক অবাধ চলাচল (ফ্রি- সার্কুলেশন) এবং পুনরায় ফেরত গ্রহন (পুশ-ব্যাক) চুক্তি অনুমোদন করবে সেই সকল দেশ গুলির জন্য ইতালীর শ্রমবাজারের শ্রমিক ঘাটতি পুরনের জন্য মেয়াদী অথবা সিজনাল কাজের জন্য শর্তসাপেক্ষে প্রতিটি চুক্তি অনুমোদনকারী দেশের জন্য বার্ষিক একটি কোটা ভিত্তিতে প্রতিবছর একটি নির্দিষ্ট সংখ্যক (বর্তমান অবস্থানুসারে ২ থেকে ৫ হাজার) শ্রমিক ইতালীয়ান মালিকদের চাহিদা ও তাদের নমিনেটিভ আবেদনের প্রেক্ষিতে ইতালীর শ্রম ও স্বরাষ্ট্রমন্ত্রনালয়ের পূর্বানুমতি (এন.ও.সি) সাপেক্ষে কর্মসংস্থানের জন্য সুযোগ দেয়া হচ্ছে।

REGISTRATION IN ROME, ITALY NR. -37472 SERIE 1B DEL 22/07/92
HEAD OFFICE :Via Bixio 10, 00185 Roma Tel. 06 44703832 Fax 06 49384252
BANGLADESH BRANCH OFFICE: H-72 New Airport Road, Mohakhali, Dhaka Tel. + Fax 8814229 / Mobile. 019 354591
www.bangla-italy.org e mail: italbangla@interfree.it

DIRITTI DELL'UOMO
মানুষের অধিকার

IMMIGRATION IS NOT A CRIME, ITS A HUMAN RIGHT
ইমিগ্রেশন অপরাধ নয়, এটা মানুষের অধিকার

COOPERAZIONE ALLO SVILUPPO
উন্নয়নে সহযোগীতা

Date.

Our ref. P-129/2 2002

## ইতালীর রাজনৈতিক প্রেক্ষাপট

জুন ২০০১ সালে নির্বাচিত ইতালীর বর্তমান সরকারের কোয়ালিশন দলগুলির প্রধান নির্বাচনী ইস্যু ছিল অবৈধ ইমিগ্রেশন প্রতিহত করা। তারই প্রেক্ষাপটে বিগত মধ্য বামপন্থী সরকারের অনুসৃত সহজ নীতিমালার সাথে বর্তমান সরকার (মধ্য ডান পন্থী এবং ইমিগ্রান্ট বিরোধী চরম ডানপন্থী কোয়ালিশন সরকার) কতগুলো কঠিন শর্ত (ইমিগ্রেশন সংশোধনী আইন ২০০২) সংযোজন করেছে। এই সংশোধিত নতুন আইন ৭৯৫/২০০২ এর অন্যতম নেতিবাচক দিক হচ্ছে কাজের চুক্তির মেয়াদের সাথে রেসিডেন্স পারমিটের (পারমেসুসো ডি সোজর্ন) মেয়াদ নির্ধারন। ফলে একজন শ্রমিককে কাজের চুক্তির মেয়াদান্তে তার স্বদেশে ফেরত যেতে হবে। এই লক্ষ্যকে সামনে রেখে বর্তমান সরকার ১৯৯৮ সালের ইমিগ্রেশন আইনে ইতালীতে বিদেশীদের মৌলিক অধিকার সংক্রান্ত দিকগুলো পরিবর্তন করা হয়েছে। ইতালীতে বিরোধী দল সহ ইমিগ্রান্ট বন্ধুভাবাপন্ন সামাজিক সংগঠনের দাবির মুখে এই মানবধীকার বিরোধী অনুমোদিত আইন সংসদে পুনর্বিবেচনার জন্য বর্তমানে আলোচনাধীন।

এই সংশোধিত ৭৯৫/২০০২ আইন ১৯৯৮ সালের ইমিগ্রেশন আইন ৪০/৯৮ আইনের বিদেশীদের মৌলিক অধিকার পরিবর্তন করে বিদেশী ইমিগ্রান্টদের জন্য বসবাস সংক্রান্ত ধারায় সীমাবদ্ধতা সৃষ্টি করা হয়েছে। ১৯৯৮ /৪০ আইনে এ ধরনের কোন সীমাবদ্ধতা না থাকার কারনে একজন প্রবাসী কাজের মাধ্যমে ইতালীতে আসার পরে স্থায়ীভাবে বসবাস করার সুযোগ পেতো। যা বর্তমান সরকার পরিবর্তন করে কাজের মেয়াদ শেষে শ্রমিকদের স্বদেশে ফিরে যেতে বাধ্য করবে। আর এই ক্ষেত্রে দ্বি-পাক্ষিক চুক্তির পুশ বেক নীতিমালা গুলো কাজে লাগবে অর্থাৎ যে দেশ থেকে শ্রমিক আসছে, সে দেশের সরকার তাদেরকে ফেরত নিতে বাধ্য থাকবে।

## বিদেশী শ্রমিকদের ইতালীতে কাজের জন্য প্রবেশ সংক্রান্ত ধারাগুলোতে বিভিন্ন শ্রেনীবিন্যাস :

প্রথমত: সিজন্যাল কাজ:- যেটা মূলত ইতালীর কৃষিকাজের ক্ষেত্রে ও টুরিজম সেক্টরে প্রয়োজনীয় শ্রমিক ঘাটতি মেটাতে বছরের নির্দিষ্ট সময়ের জন্য ৩ থেকে ৯ মাসের জন্য শ্রমিক প্রয়োজন হয়। মেয়াদ শেষে ঐ সকল শ্রমিক স্বদেশে ফেরত যেতে বাধ্য থাকবে। এই ধরনের কাজের কন্ট্রাক্ট কোন অবস্থায় নবায়নের যোগ্য নয়। তবে একবার একজন শ্রমিক ইতালীতে এই ধরনের কন্ট্রাক্টে কাজ করে দেশে ফিরে যাবার পরে তার পরবর্তি বছরে কাজে যাবা জন্য অগ্রাধিকার থাকবে। ২০০১ সালে এই কোটা ছিল ৩৩.০০০ জন।

নোট: চলতি বছর ইতিমধ্যে গত ৫/০২/২০০২ হতে ইতালীতে ৩৩.০০০ বিদেশী শ্রমিকে সিজনাল কাজে মাধ্যমে ইতালী আসার জন্য সরকারী অধ্যাদেশ (ডিক্রি) জারি করেছেন। বাংলাদেশের সাথে দ্বিপাক্ষিক চুক্তি না থাকায় উক্ত ৩৩.০০০ শ্রমিকের কোটা থেকে বাংলাদেশ সহ যে সকল দেশের সাথে ২০০২ সালের এ পর্যন্ত চুক্তি সম্পাদিত হয় নাই সে সকল দেশ বাদ পড়েছে। এবং একই সাথে এই কোটা ইস্ট ইউরোপিয়ান দেশগুলি যারা ইউরোপিয়ান ইউনিয়নে যোগ দেবার জন্য আবেদন করেছে তাদের দেশের জন্য নির্ধারন করা হয়েছে।

দ্বিতীয়ত: মেয়াদী চুক্তি:- এটা বিভিন্ন পেশাজীবীর ক্ষেত্রে প্রযোজ্য যা একবছর বা তারচেয়ে বেশী সময়ের জন্য ইতালীয়ান মালিকদের ও বিদেশী শ্রমিকের সরাসরি চুক্তি মাধ্যমে ইতালীতে কাজের জন্য প্রবেশের অনুমতি পাবে এবং এই শ্রেনীর চুক্তি নবায়নযোগ্য ফলে সেই ব্যাক্তি স্থায়ী ভাবে ইতালীতে কাজ করার সুযোগ পাবে ফলে স্থায়ী ভাবে বসবাস করতে পারবে।যা অভিবাসন অধিকারের ধারায় পড়বে।
উল্লেখিত বিভাগে প্রতিবছর ইতালী সরকার তাদের শ্রম বাজারের চাহিদা মোতাবেক সর্বসাকুল্যে সংখ্যা নির্ধারন করে থাকে। ২০০১ সালে মোট ইতালীতে ৮৩.০০০ জন বিদেশী শ্রমিককে আসার সুযোগ দেয়া হয়। এর মধ্যে মেয়াদী চুক্তির ভিত্তিক ধারা আওতায় প্রায় ৩৮.০০০ বিদেশী শ্রমিককে ইতালীতে গ্রহন করা হয়েছিল।


HEAD OFFICE :Via Bixio 10, 00185 Roma Tel. 06 44703832 Fax 06 49384252
BANGLADESH BRANCH OFFICE: H-72 New Airport Road, Mohakhali, Dhaka Tel. + Fax 8814229 / Mobile. 019 354591
www.bangla-italy.org e mail: italbangla@interfree.it

ইতাল বাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি
ASSOCIAZIONE COORDINAMENTO
ITAL & BANGLA
SVILUPPO
ITAL BANGLA COORDINATION & DEVELOPMENT ASSOCIATION

Date.

Our ref. P-129/3 2002

এই ৩৮.০০০ এর মধ্যে ২০০১ সালে কোটার মাধ্যমে র'মানিয়া, বুলগেরিয়া, তিউনিশিয়া, মরোক্কো, আলবানিয়া এই ৫টি দেশের নাগরিকদের জন্য মোট ১৮,০০০ শ্রমিকের কোটা সংরক্ষিত ছিল এবং গত বছর অন্যান্য যে সকল দেশ যাদের সাথে ইতালীর কোন দ্বিপাক্ষিক চুক্তি নেই সকল দেশের জন্য ২০.০০০ জন শ্রমিকের আসার দ্বার খোলা ছিল। ইতালীর বর্তমান পরিবর্তিত রাজনৈতিক নীতির ফলে ধারনা করা হচ্ছে এই বছর যে সকল দেশের সাথে ইতালীর দ্বিপাক্ষিক চুক্তি নেই যে সকল দেশকে কোন সুযোগ দেয়া হবে না বা কোন কোটা বন্টন হবে না। শুধু যে সকল দেশের সাথে দ্বি-পাক্ষিক চুক্তি থাকবে-শুধু তাদের মধ্যে বন্টন করা হবে।

বর্তমান সরকার এখনো পর্যন্ত তার নীতিগত দিক নির্ধারন করতে সক্ষম হয়নি, ফলে শ্রমবাজারের চাহিদা মেটাতে বিগত সরকার তথা বিগত বছরে নির্ধারিত নীতি অনুসরন করছে। ফলে এই বছরেরও ঘাটতি শ্রমিকের সংখ্যা হবে ৮৩.০০০ জন। ইতিমধ্যে সিজন্যাল কাজের জন্য ৩৩ হাজার বিদেশী শ্রমিকদের ইতালীতে আসার রাস্তা খুলে দেওয়া হয়েছে। অবশিষ্ট ৫০.০০০ কোন দেশের সাথে কত কোটা নির্ধারিত হবে তা এখন সিদ্ধান্ত গ্রহনের প্রক্রিয়ায় রয়েছে। এই ৫০ হাজার শ্রমিকের জন্য কোটা বর্তমান সংশোধিত আইনের গ্যাজেট প্রকাশিত হবার পরে নির্ধারিত হবে বলে জানানো হচ্ছে। ( আশা করা যায় মার্চ মাসের শেষে নতুন আইনের গ্যাজেট প্রকাশিত হবে।) বাংলাদেশের সাথে অদ্য পর্যন্ত এই দ্বিপাক্ষিক সহযোগীতা চুক্তি না হবার ফলে বাংলাদেশ সম্ভবত ২০০২ সালে কোন শ্রমিক ইতালীতে পাঠাতে পারবে না।

## বাংলাদেশ ও ইতালীর মধ্যে কো-অপারেশন নীতি ও ইতালীতে অবৈধ বাংলাদেশীদের বৈধ করনে বাংলাদেশ সরকারের ভূমিকা ভূমিকা কি হতে পারে :

ইতালীর সাথে বাংলাদেশ সরকারের সাথে সুন্দর বন্ধুত্বপুর্ন সম্পর্ক রয়েছে। এবং বাংলাদেশ উন্নয়নশীল দেশ হিসাবে ইতালীর সরকারের সার্বিক সাহায্য সহযোগিতা পেয়ে আসছে। ইতালীতে বাংলাদেশী শ্রমিকরা তাদের কর্মদক্ষতা ও সততার মাধ্যমে ইতালীর শ্রম বাজারে ব্যাপক সুনাম অর্জন করেছে। যা সরকারী ও বেসরকারী ভাবে ব্যাপক আলোচিত। এর প্রেক্ষাপটে আমাদের বিশ্বাস বাংলাদেশ সরকার তার কূটনৈতিক তৎপরতার মাধ্যমে প্রথমত: চুক্তি সম্পাদনের লক্ষে অগ্রসর হওয়া প্রয়োজন। দ্বিতীয়ত: লক্ষ্য রাখতে হবে বর্তমানে ইতালীতে প্রায় ১৫ হাজার অবৈধ বাংলাদেশী শ্রমিক রয়েছে, তাদেরকে রাক্ষা করে ইতালী সরকারের কাছে কূটনৈতিক মাধ্যম সক্রিয় করতে হবে। (এ ব্যাপারে বাংলাদেশ সরকারের ভূমিকা প্রবাসীদের কাছে তেমন লক্ষণীয় নয় ) ইতালীতে আমাদের অবৈধ বাংলাদেশীদের বৈধ করার জন্য এবং তাদের দেশে ফেরত না পাঠানের জন্য বাংলাদেশ সরকারের ভূমিকা সক্রিয় ভূমিকা (দূতাবাসের) থাকলে আমাদের ধারনা তারা ২০০২ সালে সবাই ইতালীর বর্তমান সংশোধিত আইনের ১৯ নং ধারায় প্রস্তুত ডোমেস্টিক কাজের মাধ্যমে রেগুলারাইজেশন প্রস্তাবিত প্রক্রিয়ার মাধ্যমে বৈধ হতে আবেদন করতে পারবে। এ জন্য ইতালীতে আমাদের সংগঠনের পক্ষ থেকে বারবার বাংলাদেশ দূতাবাসকে তাগিদ দেয়া হয়েছে।

এখানে উল্লেখ্য যে ইতালী সরকার বর্তমানে সংসদে যে ইমিগ্রেশন সংশোধনী বিল ২০০২/৭৯৫ আইনে ১৯ নং ধারা গত ১/০১/২০০২ তারিখের মধ্যে ইতালীতে অনুপ্রবেশকৃত অবৈধ বিদেশীদের জন্য বাসার কাজ (ডোমেস্টিক কাজ ) ও বৃদ্ধ ও পঙ্গু ইতালীয়ানদের দেখাশোনার কাজের মাধ্যমে রেগুলারাইজের (বৈধকরনের) প্রস্তাব অনুমোদন করেছে। এই অবস্থায় বাংলাদেশ সরকার যদি ইতালী সরকারের কাছে কূটনৈতিক মাধ্যমে আবেদন জানায়, আমাদের বিশ্বাস একটি উন্নয়নশীল দেশের প্রতি সহযোগিতা মূলক নীতির কারনে ইতালীতে বাংলাদেশী শ্রমিকদের স্বার্থ রক্ষা হতে পারে এবং ইতালীতে অবস্থানরত ১৫ হাজার বাংলাদেশী বৈধতার সুযোগ পেতে পারে।

ITTI DELL'UOMO
মানুষের অধিকার

IMMIGRATION
S NOT A CRIME,
S A HUMAN RIGHT

ইমিগ্রেশন
অপরাধ নয়,
টা মানুষের অধিকার

OPERAZIONE
ALLO
SVILUPPO
উন্নয়নে সহযোগীতা

REGISTRATION IN ROME, ITALY NR. -37472 SERIE 1B DEL 22/07/92
HEAD OFFICE :Via Bixio 10, 00185 Roma Tel. 06 44703832 Fax 06 49384252
NGLADESH BRANCH OFFICE: H-72 New Airport Road, Mohakhali, Dhaka Tel. + Fax 8814229 / Mobile. 019 354591
www.bangla-italy.org e mail: italbangla@interfree.it

TTI DELL'UOMO

IMMIGRATION
NOT A CRIME,
S A HUMAN RIGHT
ইমিগ্রেশন
অপরাধ নয়,
মানুষের অধিকার

OPERAZIONE
ALLO
SVILUPPO
নে সহযোগীতা

**Date.**

**Our ref. P-129/4 2002**

তাই আমরা সরকারের কাছে বিশেষ ভাবে অনুরোধ জানাতে চাই যে, উল্লেখিত বিষয়গুলোর আলোকে সরকার যদি অতিদ্রুত ব্যবস্থা গ্রহন করে তবে এখানে অবৈধভাবে অবস্থানকারী ১৫ হাজার বাংলাদেশী নিরাপদ আশ্রয় খুজে পাবে, পাশাপাশি আরও নতুন বেকারদের জন্য বৈধ কর্ম-সংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

বর্তমানে ইতালীতে অবৈধ ইমিগ্রেন্টদের দেশে ফেরত পাঠনোর ব্যাপারে ব্যপক ধরপাকড় হচেছ। এই ক্ষেত্রে বাংলাদেশ সরকারের কুটনৈতিক মাধ্যমে ইতালী সরকারের কাছে দ্বিপাক্ষিক চুক্তি করার ব্যাপারে বাংলাদেশ সরকারের আগ্রহের কথা জানিয়ে বাংলাদেশী অবৈধ নাগরিকদের দেশে ফেরত না পাঠিয়ে ইতালীতে রেগুলারাইজের জন্য অনুরোধ জানাতে পারে। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক দৃস্টিকোন থেকে ইতালী সরকারের কাছে সহযোগীতা চেয়ে বাংলাদেশী নাগরিকদের ইতালীতে মানবিক কারনে ইতালীতে নতুন আইনের অধিনে সহজ শর্তে রেগুলারাইজের সুযোগ প্রদানের জন্য অনুরোধ জানাতে পারে।

এ ক্ষেত্রে বিশেষ ভাবে কুটনৈতিক তৎপরতা করলে বাংলাদেশ ও ইতালীর মধ্যে সরকারী বন্ধুত্ব ও উন্নয়নশীল দেশ হিসাবে বাংলাদেশের প্রতি ইতালী সরকারের সহযোগীতামূলক নীতির কারনে প্রবাসী বাংলাদেশীদের জন্য বিশেষ সুযোগ সৃস্টিতে ভুমিকা রাখতে পারে।

## <u>ইতালীতে ৫০,০০০ বাংলাদেশী প্রবাসীদের আবেদন:</u>

পরিশেষে বর্তমানে ইতালীতে প্রবাসীদের কল্যানে ও কর্মসংস্থানে জন্য গঠিত আপনার মন্ত্রনালয়ের কাছে ইতালী প্রবাসীদের পক্ষে আমাদের আবেদন এই যে, বিশেষ করে ইতালীতে অবৈধ ভাবে অনুপ্রবেশকৃত প্রায় ১৫,০০০ বাংলাদেশীদের রক্ষা করে, ইতালীর শ্রমবাজারে বাংলাদেশীদের কর্মসংস্থানের জন্য প্রেরনের লক্ষে এবং ইতালীতে প্রবাসী প্রায় ৫০,০০০ বাংলাদেশী নাগরিকদের অধিকার নিশ্চিতকরনে, পাশাপাশি সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক উন্নয়নে অনতি বিলম্বে ইতালীতে বাংলাদেশ সরকারের রাষ্ট্রদূত এবং ইতালীতে বাংলাদেশী সামাজিক ও রাজনৈতিক নেতৃত্ব ব্যাক্তিদের সমন্বয়ে একটি টাস্ক ফোর্স গঠন করে তাদের মাধ্যমে ইতালীতে প্রবাসী বাংলাদেশীদের অধিকার নিশ্চিত করনে কার্যকর পদক্ষেপ গ্রহন, করনীয় নীতিমালা নির্ধারন ও বাংলাদেশীদের স্বার্থ রকায় বাংলাদেশ সরকার তথা প্রবাসীদের কল্যানে আপনার মন্ত্রনালয়ের কার্যকরী ভুমিকা নিয়ে এগিয়ে আসার জন্য বিশেষ আবেদন জানাচ্ছি।

আপনার বিশ্বস্থ

(শাহ মো: তাইফুর রহমান ছোটন)
প্রেসিডেন্ট
ইতাল বাংলা সমম্বয় উন্নয়ন সমিতি
রোম- ইতালী

অনুলিপি প্রেরন:
১/ মাননীয় প্রধানমন্ত্রী, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২/ মাননীয় শ্রমমন্ত্রী, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৩/ মাননীয় পররাষ্ট্রমন্ত্রী, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৪/ মাননীয় স্বরাস্ট্রমন্ত্রী, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৫/ মাননীয় রাস্ট্রদূত, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, রোম- ইতালী

REGISTRATION IN ROME, ITALY NR. -37472 SERIE 1B DEL 22/07/92
HEAD OFFICE :Via Bixio 10, 00185 Roma Tel. 06 44703832 Fax 06 49384252
NGLADESH BRANCH OFFICE: H-72 New Airport Road, Mohakhali, Dhaka Tel. + Fax 8814229 / Mobile. 019 354591
www.bangla-italy.org e mail: italbangla@interfree.it